গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
ইউএনএফপিএ'স সাপোর্ট টু ফোর্থ এইচপিএনএসপি থ্রু ডিজিএইচএস
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং ঃ স্বাঃঅধিঃ/ইউএনএফপিএ/২০২২/২৭ তারিখ ঃ ২২ জুন, ২০২২ ইং

পদের নামঃ ডিস্ট্রিক্ট এসআরএইচআর অফিসার।

পদের সংখ্যা ঃ ০১ (এক)। (অপেক্ষমান তালিকা হতে আগামী ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত একটি পুল গঠন করা হবে।)

চাকুরীর ধরন ঃ প্রকল্প

সময় ঃ প্রকল্পের মেয়াদ কালীন সময়।

কর্ম এলাকা ঃ গাজীপুর জেলা।

বয়স ঃ ২৫ থেকে ৪০ বছর।

আবেদনের শেষ তারিখ ঃ ১০ জুলাই, ২০২২।

**কাজের দায়িত্ব সমূহ ঃ**

ক. জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রোগ্রাম বাস্তবায়নঃ

- জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মিডওয়াইফারি লেড কেয়ার মডেল (এমএলসি) স্থাপনে সহযোগিতা করবেন
- যৌন ও প্রজনন স্বাস্থ্য সেবা কেন্দ্রে মিডওয়াইফদের রোস্টার তৈরী ও তাদের সেবা প্রদান নিশ্চিত করবেন এবং পাশাপাশি বহিঃবিভাগে গর্ভবতী মায়েদের সেবা, প্রসব পূর্ববর্তী সেবা (এএনসি), প্রসব পরবর্তী সেবা(পিএনসি) এবং পরিবার পরিকল্পনা (এফপি) সেবা ২৪/৭ নিশ্চিত করবেন।
- সরাসরি ধাত্রী দ্বারা গর্ভবতী মহিলাদের পরিষেবা প্রদানের জন্য পৃথক এএনসি কর্নার স্থাপন করুন।
- উপযুক্ত স্বাস্থ্যসেবা প্রদানকারীদের দ্বারা STI, Cervical Cancer, Fistula, MR, 24/7 EmONC ,PAC এবং কিশোরী বান্ধব স্বাস্থ্য সেবা নিশ্চিত করবেন।
- সরকারী সরবরাহ চেইনের মাধ্যমে সরবরাহের প্রাপ্যতা নিশ্চিত করা।
- নিয়মিত এবং জরুরী প্রসব সেবা পর্যবেক্ষন করবেন এবং সেবার ঘাটতি সমূহ সনাক্ত করবেন।
- জরুরী প্রসব সেবা নিতে কমিউনিটি থেকে যে সকল মহিলারা আসবেন তাদেরকে প্রাথমিক সেবা সহজতরভাবে নিশ্চিত করবেন।
- গুনগত মান অনুযায়ী বাস্তব ভিত্তিক স্বাস্থ্য সেবা প্রদানের জন্য মিডওয়াইফ ও ডাক্তারদের চাকুরীরত অবস্থায়/দায়িত্বরত অবস্থায় হাতে-কলমে শেখানো এবং পরামর্শদানের ব্যবস্থা করবেন।
- জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আচরণ পরিবর্তনের বাস্তব ভিত্তিক অনুশীলন/চর্চার উপর ডকুমেন্টেশন করবেন।

CS CamScanner

- উল্লিখিত অনুশীলনের মাধ্যমে জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে সুষ্ঠ পরিবেশ নিশ্চিত করতে সেবিকা তত্ত্বাবধায়িকা, প্রসূতি-স্ত্রীরোগ বিশেষজ্ঞ পরামর্শদাতা এবং জেলা ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এর সাথে যোগাযোগ স্থাপন করবেন ।
- সেবিকা তত্ত্বাবধায়িকা, প্রসূতি-স্ত্রীরোগ বিশেষজ্ঞ পরামর্শদাতা এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এর সাথে যৌথভাবে ভিজিট করবেন ।
- জেলা ও উপজেলাতে মাসিক সভা/এসআরএইচআর কমিটির সভায় অংশ গ্রহন করবেন এবং মাসিক সভায় MLC এজেন্ডার আলোচনা নিশ্চিত করবেন।
- প্রাসঙ্গিক লিটারেচার ও জাতীয় গাইডলাইন সম্পর্কে অবগত থাকা এবং তা জেলা ও উপজেলা পর্যায়ে প্রচার নিশ্চিত করা।
- ইউএনএফপিএ এর প্রোগ্রামের সাথে সম্পর্কিত উপ-জাতীয় (জেলা, উপজেলা এবং ইউনিয়নে ) পর্যায়ে তথ্য সংগ্রহ এবং বিশ্লেষন করা।
- সফল ভাবে কর্ম সম্পাদনের জন্য ভাল অনুশীলন, তথ্য ও জ্ঞান সংগ্রহ, নীতি নির্ধারণ ও পরামর্শ প্রদান করা।
- মাসিক বা ত্রৈমাসিক ভিত্তিতে উপ-জাতীয় তথ্য প্রাথমিকভাবে বিশ্লেষণের ব্যবস্থা করে সিও এসআরএইচআর ইউনিটকে সহায়তা করা।
- আইসিপিডি এবং ইউএনএফপিএ এর এজেন্ডা বাস্তবায়নে স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ ও জনসাধারণের মাঝে যোগাযোগ স্থাপন করা। বিষয়গুলো স্থানীয় সরকার বিভাগের সাথে জড়িত। বিকেন্দ্রীকরণের মাধ্যমে চলতি বিষয়ে একত্রিতভাবে কাজ করতে আইসিপিডি এবং ইউএনএফপিএ এর সমন্বয় সাধন করা।
- জেলা প্রশাসক, সিভিল সার্জন, পরিবার পরিকল্পনা অধিদফতরের উপ-পরিচালক, অন্যান্য বিভাগ ও জেলা পর্যায়ের গুরুত্বপূর্ণ স্থানীয় সরকারী কর্মকর্তা এবং প্রতিনিধিদের সাথে সুসম্পর্ক গড়ে তোলা ও বজায় রাখা। যাতে করে নীতি প্রণয়ন ও বাস্তবায়নে তাদের সহায়তা নেয়া যায়।
- জাতীয়/স্থানীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে আভ্যন্তরীণ ও বাহ্যিক যোগাযোগ চ্যানেলের জন্য উপকরন ও তথ্য সরবরাহ করে কাজের দৃশ্যমানতা এবং স্বচ্ছতা বৃদ্ধিতে CO UNFPA/DGHS কে সহায়তা করা।
- নির্ধারিত জেলায় 'নবম কান্ট্রি প্রোগ্রাম' এর আওতায় কার্যকরী পরিকল্পনা অনুসারে উপ-জাতীয় স্তরের কার্যক্রম পরিচালনা করা।
- জেলায় পরিকল্পনা বাস্তবায়নকারী সহযোগীদের কাজের তদারকি করা।
- সংশ্লিষ্ট বিভাগ ও জেলায় তদারকি ও সক্ষমতা বৃদ্ধি, প্রযুক্তিগত সহায়তার লক্ষ্যে কর্মসূচির পরিকল্পনা, বাস্তবায়ন, পর্যবেক্ষণ এবং ফলাফল রিপোর্ট করা।
- প্রাকৃতিক দূর্যোগ ও শরণার্থীদের মতো মানবিক সঙ্কটের জরুরী প্রস্তুতি গ্রহণ এবং প্রতিক্রিয়ায় প্রযুক্তিগত সহায়তা প্রদান, প্রয়োজনীয় মূল্যয়ন, স্থানীয় স্তরের ক্লাস্টার সমন্বয় জরুরী স্বাস্থ্য কিট এবং অন্যান্য কিট বিতরণ, নারী বান্ধব কর্মক্ষেত্রে বাড়ানো এবং বিভিন্ন গোষ্ঠীর দেখভাল, পরিষেবার দক্ষতা বৃদ্ধি করা ইত্যাদি।

খ. প্রাথমিক ক্লিনিকাল সাইটে প্রোগ্রাম বাস্তবায়ন:

- সেবা প্রদানকারী কর্তৃক বাস্তব ভিত্তিক সেবা প্রদান নিশ্চিতকরন।

CS CamScanner

- বাস্তব ভিত্তিক পরিষেবার চর্চা নিশ্চিত করার জন্য প্রসূতি-স্ত্রীরোগ বিশেষজ্ঞ পরামর্শদাতা এবং হাসপাতাল প্রশাসনের সাথে একাধিকবার ভিজিট করা।
- চাকুরীরত/দায়িত্ব পালনকালে প্রশিক্ষণ প্রদান এবং পরিষেবা সরবরাহকারীদের প্রাথমিক ক্লিনিকাল দিকগুলিতে পরামর্শ দেওয়ার বিষয়ে সরাসরি পর্যবেক্ষণ।
- প্রাথমিক ক্লিনিকাল সাইটের সংশ্লিষ্ট কর্মীদের সাথে ওরিয়েন্টেশন, সভা এবং কর্মশালা সম্পন্ন করা।

গ. সমন্বয় সাধন:

- প্রোগ্রাম এনালিস্ট-এসআরএইচআর ও প্রোগ্রাম এনালিস্ট-ম্যাটারনাল হেলথ, ইউএনএফপিএ এর সাথে সমন্বয় করে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের সকল স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় সাধন করা।
- বাস্তবায়নাধীন প্রোগ্রামের কার্যাবলীর প্রযুক্তিগত ও পরিচালিত সহায়তার জন্য প্রোগ্রাম ম্যানেজার-ম্যাটারনাল হেলথ.ডিজিএইচএস এর সাথে সমন্বয় করা।
- প্রোগ্রাম ম্যানেজার-ম্যাটারনাল হেলথ.ডিজিএইচএস এর সাথে পর্যবেক্ষণের তথ্য বিনিময় করা, বিশ্লেষণ করা এবং সে অনুযায়ী যথাযথ সহায়তা প্রদান করা।

ঘ. প্রতিবেদন প্রস্তুত করা:

- জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য সেবা কেন্দ্রের প্রতিবেদন প্রস্তুত করা এবং সংকলনের জন্য সুপারভাইজারের কাছে জমা দেয়া।
- মাসিক কর্ম পরিকল্পনা, ভ্রমণ পরিকল্পনা প্রস্তুত করা এবং মাসিক ভিত্তিতে সম্পাদিত প্রতিবেদন জমা দেয়া।
- জেলা ও উপজেলাতে মাসিক সভায় অংশ গ্রহন করা এবং MLC এজেন্ডা নিয়ে আলোচনা নিশ্চিত করা।
- প্রয়োজন অনুযায়ী বিভিন্ন সভা ও কর্মশালায় অংশ গ্রহন করা ।

ঙ. সাধারণ:

- বাংলাদেশের যে কোন প্রাকৃতিক দুর্যোগ বা জরুরী পরিস্থিতিতে যে কোন স্থানে কাজ করতে প্রস্তুত থাকতে হবে।
- সুপারভাইজার / সংস্থা কর্তৃক নির্ধারিত অন্য কোন কাজ সম্পাদন করতে হবে।

## শিক্ষাগত যোগ্যতা ঃ

MBBS পাশ। মাতৃ স্বাস্থ্য অথবা OBGYN (প্রসূতি ও স্ত্রীরোগ) -এ অভিজ্ঞতাধারীদের অগ্রাধিকার দেয়া হবে।

অতিরিক্ত পেশাদারী সনদ: MS /MPH প্রাসঙ্গিক ক্ষেত্রে সনদধারীরা অতিরিক্ত সুবিধা পাবে।

শুধুমাত্র মহিলা প্রার্থীরাই আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে বান্দরবান জেলার জন্য চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম জেলার প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

কর্ম দক্ষতাঃ

- দুর্দান্ত আন্তঃব্যক্তিক, যোগাযোগ এবং উপস্থাপনার দক্ষতা।

CamScanner

- দল তৈরির এবং অনুপ্রেরণার দক্ষতা

- দ্রুত এবং অবহিতকরণের সিদ্ধান্ত গ্রহণ

- কাজের অগ্রাধিকার দেওয়া এবং সংগঠিত করার দক্ষতা

- ইংরেজীতে ভাল লিখতে এবং বলতে পারা ।

- সর্বশেষ ক্লিনিকাল আপডেটের জন্য মেডিক্যেল লিটারেচার অনুসন্ধান করা।

**অভিজ্ঞতা :**

দেশী অথবা বিদেশী এনজিওতে কাজের কমপক্ষে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সেই সাথে কম্পিউটারে এমএস প্রোগ্রাম বিশেষ করে এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টে সম্যক জ্ঞান থাকা আবশ্যক।

**কর্মস্থল :** গাজীপুর।

**বেতন :** আলোচনা সাপেক্ষে।

কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরিকে এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

যোগ্যতা এবং অভিজ্ঞতার ভিত্তিতে শুধুমাত্র শর্ট লিস্টেড প্রার্থীরা পরীক্ষার জন্য নির্বাচিত হবেন। কেউ পরীক্ষার জন্য নির্বাচিত না হলে কর্তৃপক্ষ জবাব দিতে বাধ্য থাকবে না। যে কোন ধরনের তদবির নিরুৎসাহিত করা হচ্ছে এবং এটি নেতিবাচক হিসেবে গন্যহবে। যথাসময়ে আবেদন না করলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আগ্রহী প্রার্থীগণকে কভার লেটার, জীবন বৃত্তান্ত (JPG ফাইল গ্রহন যোগ্য নয় MS Word/PDF করে প্রেরণ করতে হবে), পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, BMDC এর হালনাগাদ Registration এবং নাগরিকত্ব সনদের স্ক্যান কপি, ইমেইল ও মোবাইল নম্বর উল্লেখসহ আবেদনপত্র আগামী ১০ জুলাই, ২০২২ তারিখ বিকেল ০৫:০০ টার মধ্যে প্রজেক্ট ম্যানেজার, ইউএনএফপিএ'স সাপোর্ট টু ফোর্থ এইচপিএনএসপি থ্রু ডিজিএইচএস বরাবর - এই ই-মেইল : recruitment.dghs@gmail.com এ প্রেরণ করতে হবে।

CS CamScanner